ICSE SEMESTER 2 EXAMINATION

SPECIMEN QUESTION PAPER

BENGALI

(SECOND LANGUAGE)

Maximum Marks : 40

Time allowed: One and a half hours

You will not be allowed to write during the first 10 minutes.

This time is to be spent in reading the question paper.

SECTION A is compulsory.

***SECTION B** — Answer questions from **any two books** that you have studied.*

The intended marks for questions or parts of questions are given in brackets [ ].

SECTION—A

Question 1

Write a short composition in **Bengali** of approximately **200** words on any **one** of the following topics :— **[12]**

নিম্নলিখিত বিষয়গুলির মধ্য থেকে যে কোন **একটি** বিষয় বেছে নিয়ে আনুমানিক **২০০** শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা কর :-

(i) অরণ্য সম্পদ আজ বিপন্ন ও ক্ষতিগ্রস্ত, সেই বিষয়ে একটি প্রবন্ধ রচনা কর।

(ii) একটি মোবাইলের আত্মকথা

(iii) তুমি যে ট্রেনটিতে আছো — সেটি একটি লেবেল ক্রসিং-এ একঘণ্টা আটকে আছে অথচ তোমাকে সময়মতো পরীক্ষার হলে পৌঁছতে হবে — তোমার মানসিক অবস্থার কথা লেখ।

(iv) "ইচ্ছা থাকলে উপায় হয়"— এই প্রবাদ বাক্যটি অবলম্বনে একটি মৌলিক গল্প রচনা কর।

© *Copyright reserved.*

(v) সংলগ্ন ছবিটি ভালো করে দেখ, তারপর ওই ছবিটির বিস্তারিত বর্ণনা দাও এবং ছবিটি তোমার মনে যে ভাব জাগিয়েছে তা স্পষ্ট করে লেখ। ছবিটির সঙ্গে তোমার রচনার ঘনিষ্ঠ সম্বন্ধ থাকা চাই।



Question 2

Write a letter in **Bengali** of approximately **120** words on any **one** of the topics given below :- **[8]**

নিম্নলিখিত বিষয় দুটির মধ্যে যে কোন **একটি** বিষয় নিয়ে আনুমানিক **১২০** শব্দের মধ্যে একটি পত্র লেখ :-

(i) বর্ষায় কলকাতা শহর জলের তলায় ডুবে যাচ্ছে। সামান্য বৃষ্টি হলেই জল জমে শহরবাসীর জীবন অচল হয়ে পড়ে — এ বিষয়ে প্রতিকার চেয়ে শহরের পুরসভার পৌরপ্রধান (Mayor)-এর কাছে একটি পত্র লেখ।

অথবা

(ii) চটজলদি খাবার ও ঠাণ্ডা পানীয় স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক একথা জানিয়ে ছোটভাইকে একটি পত্র লেখ।

SECTION—B

(Answer questions from any of the two books that you have studied.)

সংকলিতা — ছোটগল্প

(SONKOLITA — SHORT STORIES)

(i) "ছেলেটাকে শুধরে দিতে পারবে বলে মনে হচ্ছে।"— কে কাকে শুধরে দিতে পারবে বলে মনে হয়েছিল ? **[2]**

(ii) "তারা স্বচক্ষে একটা দৈত্য দেখেছে। কতরকম গল্প তৈরি হতে থাকল তাকে নিয়ে"— কাকে নিয়ে কি কি গল্প তৈরি হলো তা লেখ। **[2]**

(iii) "মা লোকজন এলে আমাকে সামনে ডাকবেন না" কে কখন কাকে কথাটি বলেছে ? **[3]**

(iv) "তিনি টুকরোটা হাতে নিলেন।"— টুকরোটা কিসের ? টুকরোটা যে নকল বস্তু নয় তার প্রমাণ তিনি কিভাবে পেলেন ? **[3]**

সংকলিতা — কবিতা

(SONKOLITA — POEM)

(i) "যে দিনগুলো রাস্তা দিয়ে চলে গেছে"— কোন্ দিনগুলো কিভাবে রাস্তা দিয়ে চলে গেছে বলে বলেছেন কবি ? **[2]**

(ii) "ইস্কুলে আমরা একসঙ্গে পড়তাম"— 'আমরা' বলতে কবি আর কাকে বুঝিয়েছেন ? সে ইস্কুলে গিয়ে কি রকম আচরণ করত ? **[2]**

(iii) "আমি জানি মাথার জোরে আমি সবার সেরা"— কে কেন নিজেকে সবার সেরা বলে মনে করেছে ? 'মাথার জোর' বলতে কিসের জোরের কথা বলা হয়েছে ? **[3]**

(iv) "তবুও খো খো খেলুড়ে মেয়ে লড়ছে এমন লড়াই"— এখানে 'তবুও' শব্দটি কি তাৎপর্য বহন করছে উদ্ধৃতিটির অর্থসহ বল। **[3]**

চাঁদের পাহাড়

(CHANDER PAHAR — NOVEL)

(i) "এই একখানা বাংলা বই সে দেশ থেকে আসবার সময় সঙ্গে করে আনে।"— কে কোন্ বই দেশ থেকে নিয়ে এসেছিল ? বইটির লেখক কে ? **[2]**

(ii) "কোথায় সে চলেছে এই গাঢ় নিকষ-কালো অন্ধকারে, এই ভয়ানক নিস্তব্ধতার মধ্যে।"— অন্ধকার ও নিস্তব্ধতাকে ভয়ানক বলে মনে হওয়ার কারণ কি ? **[2]**

(iii) "অদ্ভুত পরিত্রাণ সবদিক থেকে।"— কিসের হাত থেকে কিভাবে পরিত্রাণ পাবার কথা বলা হয়েছে ? [3]

(iv) "বাংলার পাড়াগাঁয়ে ম্যালেরিয়ায় ধুঁকে সে মরচে না। এ মৃত্যু বীরের মৃত্যু।"— কার কথা বলা হয়েছে ? কিরকম মৃত্যুকে বীরের মৃত্যু বলে মনে করা হয়েছে ? [3]

জাম্বো

(JUMBO — DRAMA)

(i) "ছেলেটার কথা শুনলে হাড় পিত্তি জ্বলে কি না বল ?"— বক্তা কে ? কোন্ কথা শুনে বক্তার হাড়-পিত্তি জ্বলে গিয়েছিল ? [2]

(ii) "জায়গাটা তো আমাদের কাজের পক্ষে আইডিয়াল।"— কোন্ জায়গার কথা বলা হয়েছে ? জায়গাটিকে আইডিয়াল বলা হয়েছে কেন ? [2]

(iii) "তবে সে যা অতিথি সেবা করেছে, তার চেয়ে বড় অতিথি সেবা আর হয় না।"— উদ্দিষ্ট ব্যক্তির অতিথি সেবার বিবরণ দাও। [3]

(iv) "যেভাবে নিশ্চিন্তে কথা বলছেন, তাতে পরিষ্কার বুঝতে পারছি আপনি আটঘাট বেঁধে পুলিশের সাহায্য নিয়ে এসেছেন। আর তার জন্যই মসকরা শুরু করেছেন।"— 'মসকরা' শব্দের অর্থ কি ? কে কার সঙ্গে কি মসকরা করেছে ? [3]